

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ২৪৯

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫. সালাতে খুশূ বা বিনয় নম্রতার প্রতি উৎসাহ প্রদান - খাবার উপস্থিত রেখে ও পেশাব-পায়খানার যন্ত্রণা আটকিয়ে সালাত আদায়ের বিধান

আরবী

وَلَهُ: عَنْ عَائِشَةَ _رَضِيَ اللَّهُ عَنْهَا _قَالَتْ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ _ صلى الله عليه وسلم _ يَقُولُ: لَا صَلَاةَ بِحَضْرَةِ طَعَامِ, وَلَا هُوَ يُدَافِعُهُ الْأَخْبَثَانِ

صحيح. رواه مسلم (560) وفي الحديث قصة لا بأس من ذكرها. قال ابن أبي عتيق: تحدثت أنا والقاسم عند عائشة _رضي الله عنها _حديثا. وكان القاسم رجلا لحانة. وكان لأم ولد فقالت له عائشة: ما لك لا تحدّث كما يتحدث ابن أخي هذا؟ أما إني قد علمت من أين أوتيت. هذا أدّبته أمه وأنت أدبتك أمك. قال: فغضب القاسم وأضب عليها. فلما رأى مائدة عائشة قد أتي بها قام. قالت: أين؟ قال: أصلي. قالت: اجلس. قال: إني أصلي. قالت: اجلس فُدر! إني سمعت رسول الله _صلى الله عليه وسلم_: الحديث. و «الأخبثان» هما: البول والغائط

বাংলা

২৪৯. আয়িশা (রাঃ) থেকে মুসলিমে আর এক হাদীসে আছে—তিনি বলেন, আমি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, খাবার উপস্থিত রেখে সালাত আদায় করা যায় না আর প্রসাব পায়খানার বেগ চেপে রেখেও সালাত আদায় করা যায় না ।[1]

ফুটনোট



[1] মুসলিম ৫৬০ আবৃ দাউদ ৮৯, আহমাদ ২৩৬৪৬, ২৩৭৪৯, ২৩৯২৮, এ হাদীস সম্পর্কে একটি ঘটনা আছে। তা হচ্ছে: ইবনু আবৃ আতীক বলেন: আমি এবং কাসিম আয়িশাহ (রাঃ) এর নিকট কথাবার্তা বলছিলাম। কাশিম কিছুটা অস্পষ্টভাষী ছিলেন এবং উন্মে ওলাদ। তাকে আয়িশাহ (রাঃ) বললো, তোমার কী হয়েছে যে, তোমার আমার ভাতিজা যেভাবে কথাবার্তা বলছে তুমি সেভাবে কথা বলছে না? হ্যাঁ আমি জানি তুমি কেমন লোক? এ উন্মে ওলাদকে তার মাতা আদব শিক্ষা দিয়েছে। আর তুমি তোমার মাকে আদব শিখাছে। ইবনু আবৃ আতীক বলেন, এ কথায় কাসিম রাগাম্বিত হলো এবং কড়া কথা শুনালেন। যখন আয়িশাহ (রাঃ) কে খাবার পাত্র আনতে দেখলেন, সে দাঁড়িয়ে গেল। আয়িশাহ (রাঃ) বললেন, কোথায় যাচ্ছ? তিনি বললেন, আমি সালাত আদায় করবো। আয়িশাহ (রাঃ) বললেন, বস। সে আবারও বললো আমি সালাত আদায় করবো। আয়িশাহ (রাঃ)। এবার বললেন, বস হে প্রতারক। আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি……।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন